

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd

তাগিদ পত্র

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০৫.১৯.৬৪৪

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬

৩০ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ এর তদন্ত কাজে অসহযোগিতা করার কারণে জনাব নিভা রাণী পাঠক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনাকে কারণ দর্শানো।

সূত্র: (১) সপিসিক/৭৭৮/৩৯-আই/১৯ তারিখ: ০৮.০৯.১৯

(২) মাউশি স্মারক নং ৩৭.০২.০০০০.১০৩.২৭.০০৫.১৯.২২৬, তারিখ: ০৯.০৭.২০১৯খ্রি.

(৩) দুদকের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.২৪৪.১৯-২৫৪৬৬, তারিখ: ২৭.০৬.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল খুলনা এর উপপরিচালক জনাব নিভা রাণী পাঠক এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন, ঢাকা বাংলাদেশ এর আদেশের প্রেক্ষিতে প্রফেসর সেখ মোস্তাহিদুল আলম, উপাধ্যক্ষ, সরকারি পি.সি. কলেজ, বাগেরহাটকে আহ্বায়ক করে ০২ (দুই) সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটি লিখিত প্রতিবেদনে, "তার আচরণে প্রতীয়মান হয় যে, তিনি তদন্ত কমিটিকে গুরুত্ব দিচ্ছেন না। এ প্রেক্ষিতে তদন্ত কমিটি জনাব নিভা রাণী পাঠক-এর সঙ্গে পুনরায় যোগাযোগ করতে এবং তদন্ত পরিচালনা করতে বিব্রতবোধ করছে" মর্মে উল্লেখ করেছেন।

গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে 'একজন সরকারি দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে জনাব নিভা রাণী পাঠক মাউশির মহাপরিচালকের তদন্ত কমিটিকে তদন্ত কার্যে সহযোগিতা করেন নাই' এরূপ মন্তব্য করেছেন। এমতাবস্থায়, তদন্ত কাজে অসহযোগিতা করার জন্য কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, তা আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে লিখিত জবাব প্রদানের জন্য আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

৩০-৯-২০১৯

মোঃ এনামুল হক হাওলাদার

উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০৫.১৯.৬৪৪/১(৮)


তারিখ: ১৫ আশ্বিন ১৪২৬

৩০ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

- ১) পরিচালক (অর্থ ও হিসাব) ও অতি: দায়িত্ব (দে. ও সা. অ. সেল), দুর্নীতি দমন কমিশন, ঢাকা, বাংলাদেশ।
- ২) অধ্যক্ষ, সরকারি পি কলেজ, বাগেরহাট।
- ৩) উপাধ্যক্ষ, সরকারি পি.সি. কলেজ, বাগেরহাট।
- ৪) পরিচালক, মাধ্যমিক উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা।
- ৫) মো: শাহ আলম ফরাজী, সহযোগী অধ্যাপক, সরকারি পি.সি কলেজ, বাগেরহাট।

- ৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭) পরিচালক (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৮) সংরক্ষণ নথি।



৩০-৯-২০১৯

মোঃ এনামুল হক হাওলাদার
উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)